গৌরবের ১৯ বছর
স্মার্ট বাংলাদেশের পথযাত্রী
দেশের কল্যাণে প্রতিদিন
রোববার
# ভোরের পাতা
The Daily Vorer Pata
www.dailyvorerpata.com www.edailyvorerpata.com www.facebook.com/DailyVorerPata www.twitter.com/vorerpata
ঢাকা ২৮ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ ● ১৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ ● ১৫ রজব ১৪৪৫ হিজরি ● রেজিঃ ডিএ নং-৪০৬, বর্ষ ১৮, সংখ্যা ৩০৩
৮ পৃষ্ঠা ৫ টাকা



জীবন নিয়ে নতুন সিদ্ধান্ত পরিণীতি চোপড়ার ▶ পৃষ্ঠা ৩



গতকাল রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগ আয়োজিত বিএনপি-জামায়াতের অগণতান্ত্রিক কর্মকাণ্ডের বিরুদ্ধে শান্তি ও গণতন্ত্রের সমাবেশে বক্তব্য দেন দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের ● ভোরের পাতা

## বিএনপি-জামায়াতের ষড়যন্ত্র এখনো বন্ধ হয়নি
### আইনমন্ত্রী

■ প্রতিনিধি, ব্রাহ্মণবাড়িয়া

আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক বলেছেন, দেশে ষড়যন্ত্র কিন্তু এখনো বন্ধ হয় নাই। যে কোনো ছোট ছোট ব্যাপার

▶▶ এরপর পৃষ্ঠা ২ কলাম ১

## মিয়ানমারে ফের ভারী গোলাগুলির শব্দ
### সতর্ক বিজিবি

■ প্রতিনিধি, টেকনাফ

বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত বান্দরবানের তুমব্রু ও টেকনাফের বিভিন্ন এলাকায় মিয়ানমার অংশে থেমে থেমে ভারী গোলাগুলির শব্দ পাওয়া গেছে। তবে

▶▶ এরপর পৃষ্ঠা ২ কলাম ৬

# ইস্কাটনে ইকবালের হেরেমখানা
## আব্বা বাহিনীর প্রধান রাব্বী তাদের রাজনীতির সাথে সরাসরি যুক্ত ছিল : উপজেলা চেয়ারম্যান শাহীন

সরেজমিন প্রতিবেদন (০১)



হাজী মো. ইকবাল হোসেন

### তার ছায়াকেও এখন ভয় পায় কেরানীগঞ্জের মানুষ

■ খান শান্ত *কেরানীগঞ্জ থেকে ফিরে*

মুখের কথা আইন, চোখের ইশারায় শাসন। হুঙ্কারে বাঘে-মহিষে যেন খায় এক ঘাটে জল। তার মারকুটে জীবনগল্পের কাছে চিত্রনাট্যও ফেল। জনগণের ভোটে জনপ্রতিনিধি। তবু তিনি নায়ক নন, এলাকার 'খলনায়ক'। ইকবালের ছায়াকেও এখন ভয় পায় কেরানীগঞ্জের মানুষ। নির্যাতন, দখলবাজি, স্বেচ্ছাচারিতা, মনোনয়ন বাণিজ্য, বিরোধী দল দমন এমন কোনো দুষ্কর্ম নেই, যা চেয়ারম্যান ইকবালের অভিধানে নেই। তার আছে দাঙ্গাবাজ দল। ওই বাহিনী যাকে ইচ্ছা পেটায়। বাড়িঘরে হামলা কিংবা জমি-সম্পদ দখল তাদের এক তুড়ির কাজ। মুখ খুললে বাস্তুভিটা ফেলে হতে হয় উদ্বাস্তু। ভীতসন্ত্রস্ত অত্যাচারিত মানুষ

▶▶ এরপর পৃষ্ঠা ২ কলাম ৩

## দেশি-বিদেশি ষড়যন্ত্র এখনো চলছে
### খাদ্যমন্ত্রী

■ নিজস্ব প্রতিবেদক

২০২৪ সালের নির্বাচন ছিল উন্নয়নকে বেছে নেওয়ার ও আগুন সন্ত্রাসকে প্রত্যাখ্যান করার নির্বাচন। জনগণ সঠিক সিদ্ধান্ত নিয়েছে। উন্নয়নের পক্ষে

▶▶ এরপর পৃষ্ঠা ২ কলাম ৬

## গুচ্ছ ভর্তির আবেদনের সময় পরিবর্তন

■ নিজস্ব প্রতিবেদক

গুচ্ছভুক্ত ২৪ বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার আবেদনের সময় পরিবর্তন করা হয়েছে। আগামী ২৯ জানুয়ারি আবেদন শুরুর কথা থাকলেও, অনিবার্য কারণ বশত তা

▶▶ এরপর পৃষ্ঠা ২ কলাম ৩

### 'শান্তি ও গণতন্ত্র' সমাবেশে ওবায়দুল কাদের
## বিএনপিকে আর বাড়তে দিতে পারি না

■ নিজস্ব প্রতিবেদক

বিএনপিকে 'অপ, সাম্প্রদায়িক শক্তি' হিসেবে মন্তব্য করে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, 'এদের আমরা আর বাড়তে দিতে পারি না, রুখতে হবে। স্বাধীনতার সপক্ষের শক্তিকে ঐক্যবদ্ধভাবে মোকাবিলা করতে হবে।' গতকাল শনিবার বিকালে বঙ্গবন্ধু এভিনিউতে ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের 'শান্তি ও গণতন্ত্র' শীর্ষক সমাবেশে এ কথা বলেন তিনি। আগামী মঙ্গলবার দেশের সবমহানগর, জেলা ও উপজেলায় 'শান্তি, গণতন্ত্র ও

▶▶ এরপর পৃষ্ঠা ২ কলাম ৪

### ৩০ জানুয়ারি ঘিরে আ.লীগ ও বিএনপির পাল্টাপাল্টি কর্মসূচি
# ফের উদ্বেগ-উৎকণ্ঠায় দেশ

■ নিজস্ব প্রতিবেদক

আগামী ৩০ জানুয়ারি সারাদেশে 'উন্নয়ন সমাবেশ' করবে ক্ষমতাসীন আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনগুলো। একই দিন বিএনপিরও মিছিলের কর্মসূচি রয়েছে। গতকাল শনিবারে রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের শান্তি সমাবেশে এই কর্মসূচির ঘোষণা দেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। এদিকে শনিবার বিকেলে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির প্রতিবাদ, খালেদা জিয়াসহ আটক নেতাকর্মীদের মুক্তি ও এক দফার দাবি আদায়ে ৩০ জানুয়ারি দেশের সব মহানগর, জেলা, উপজেলা, থানায় এবং সব পৌরসভায় কালো পতাকা মিছিল কর্মসূচি ঘোষণা করে বিএনপি। এর ফলে ফের উদ্বেগ-উৎকণ্ঠা দেশের মানুষ। কি হচ্ছে বা কি হতে যাচ্ছে? এই



নিয়ে সর্বমহলে চলছে নানা আলোচনা-সমালোচনা। এদিকে গতকাল সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের আওয়ামী লীগের শান্তি সমাবেশে বলেন, দেখতে দেখতে ১৫ বছর, সামনে আরো পাঁচ বছর। কবে হবে আন্দোলন বিএনপির, কোন বছর, কোন ঈদের পর। মানুষ বাঁচে কয় বছর। আন্দোলন করে ভুয়া হয়ে গেছে বিএনপি। জনগণ এসব ভুয়া আন্দোলন মানে না। অবরোধ মানে না। বিএনপির অবরোধ, হরতাল, এক দফা, সবই ভুয়া। বিএনপি মানেই ভুয়া। আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, বিএনপি ব্যর্থ হয়ে কালো পতাকা নিয়ে শোকের মিছিল করছে। কাদের বলেন, বিদেশিদের ভয় দেখান? ৪১.৮ শতাংশ লোকের ভোটারের ভোটে সরকার গঠিত হয়েছে। এই

▶▶ এরপর পৃষ্ঠা ২ কলাম ৪

## আওয়ামী লীগ নেতাকর্মীদের পাহারায় থাকার নির্দেশ

■ নিজস্ব প্রতিবেদক

আগামী ৩০ জানুয়ারি সারা দেশে আওয়ামী লীগ নেতাকর্মীদের পাহারায় থাকার নির্দেশ দিয়েছেন দলটির সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল শনিবার বিকেলে রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউতে ঢাকা মহানগর দক্ষিণ

▶▶ এরপর পৃষ্ঠা ২ কলাম ৬

সম্পাদকের কলম

## রমজানে ভোগ্যপণ্য সিন্ডিকেটের দাম বাড়ানোর পায়তারা বন্ধ করতে হবে

এগিয়ে আসছে রোজা। রোজার আগে এবং রোজার মধ্যে দ্রব্যমূল্য হু হু করে বাড়ার শঙ্কা উড়িয়ে দেওয়া যাচ্ছে না। ইতিমধ্যে ব্যবসায়ী সিন্ডিকেটের কারসাজি শুরু হয়েছে। কারসাজি বন্ধে সরকারও বসে নেই। ইতিমধ্যে আন্তঃমন্ত্রণালয়ের বৈঠক হয়েছে। তাতে সরকারের গুরুত্বপূর্ণ চার মন্ত্রী ও কেন্দ্রিয় ব্যাংকের গভর্নরসহ অন্যরা উপস্থিত ছিলেন। রমজানে

▶▶ এরপর পৃষ্ঠা ২ কলাম ১

# উপজেলা নির্বাচনে যাবে জাপা
## নতুন কৌশলে এগোচ্ছে আওয়ামী লীগ

■ অভিজিত বনিক

নানান আলোচনা সমালোচনার মধ্যে দিয়ে দ্বাদশ সংসদ নির্বাচনে জাতীয় পার্টি অংশ নেওয়ার পর এবার উপজেলা নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছে জাতীয় পার্টি। এজন্য দলটির ভেতরে ভেতরে সকল প্রস্তুতি নিতে শুরু করেছে। শুধু তাই নয়, দলটির সম্ভাব্য কিছু প্রার্থীকে গ্রীন সিগন্যাল দিয়ে রেখেছে। সর্বদিক বিবেচনা করে এই ভোট নিয়ে আওয়ামী লীগ নতুন কৌশলে এগোচ্ছে বলে মনে হচ্ছে। বেশির ভাগ প্রার্থী নিজেদের দলের হবে ধরে নিয়ে কোনো প্রার্থীকেই হয়তো তারা দলীয় প্রতীক নৌকা দেবে না। তাতে করে ভোট আবার 'আওয়ামী লীগ বনাম স্বতন্ত্র' হয়ে যাওয়ার আশঙ্কা থাকবে না। এতে হয়তো দলীয় শৃঙ্খলা বজায় থাকবে, আবার দ্বন্দ্ব-সহিংসতাও এড়ানো যাবে। এইসব বিষয়ে দলের ভেতরে চলছে আলোচনা। কোনো কোনো নেতা এ নিয়ে প্রকাশ্যে কথাও বলছেন। জাতীয়

▶▶ এরপর পৃষ্ঠা ২ কলাম ৪

### বিজিবি সদস্য হত্যা
## জাতিসংঘের অধীনে তদন্ত চায় বিএনপি



## জার্মানির 'আম্বিয়ান্তে ফেয়ারে' বাংলাদেশ প্যাভিলিয়ন উদ্বোধন করলেন পাটমন্ত্রী

## ২১ জেলায় বইছে শৈত্যপ্রবাহ

## বাস টার্মিনালে তালাবদ্ধ লাগেজে যুবকের লাশ

## শেখ হাসিনা প্রধানমন্ত্রী বলেই মানুষ এগিয়ে যাচ্ছে: দীপু মনি

■ প্রতিনিধি, চাঁদপুর

সমাজকল্যাণমন্ত্রী দীপু মনি বলেছেন, বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা পাঁচবার প্রধানমন্ত্রী হয়েছেন বলেই আমরা একটি বৈষম্যহীন সমাজ গড়ার জন্য কাজ করতে পারছি। তিনি টানা ১৫ বছর দেশ পরিচালনার দায়িত্বে ছিলেন বলেই পিছিয়ে পড়া মানুষ এগিয়ে যাচ্ছে। গতকাল শনিবার সকালে চাঁদপুর সরকারি শিশু পরিবার ও সরকারি বাক-শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এ সময় উপস্থিত ছিলেন- জেলা প্রশাসক কামরুল হাসান, অতিরিক্ত পুলিশ সুপার রাশেদুল ইসলাম, চাঁদপুর সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক রজত শুভ্র সরকার, স্বাধীনতা পদকপ্রাপ্ত নারী মুক্তিযোদ্ধা ডা. সৈয়দা বদরুন নাহার চৌধুরী, সরকারি শিশু পরিবারের প্রধান শিক্ষক আলপনা চাকমা প্রমুখ।

## বাঘায় ট্রেনে কাটা পড়ে বৃদ্ধার দুই পা বিচ্ছিন্ন

■ সংবাদদাতা, বাঘা

রেলস্টেশনে রাজ্জাক ভাতের হোটেল ছিল বৃদ্ধ [illegible] (৬৫)। সেই স্টেশনেই গতকাল শনিবার সকালে [illegible]

## [illegible] শামীম ওসমান

■ প্রতিনিধি, নারায়ণগঞ্জ

নারায়ণগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য একেএম শামীম ওসমান বলেছেন, আমার রাজনৈতিক জীবনে এত বিব্রত কোনোদিন হইনি। আমার ছোট বোন আইভীর মতো আমি সরাসরি প্রশাসনকে কিছু বলতে পারবো না? উনি বলে ফেলেন। কিছুদিন আগে বলেছেন, প্রশাসন ওখান থেকে টাকা কামায়। গতকাল শনিবার বিকেলে নারায়ণগঞ্জের ওসমানী স্টেডিয়ামে আয়োজিত অরাজনৈতিক সংগঠন প্রত্যাশার আত্মপ্রকাশ অনুষ্ঠানে অংশ নিয়ে একথা বলেন তিনি। এর আগে অনুষ্ঠানে বিভিন্ন শ্রেণিপেশার মানুষ বক্তব্য রাখতে গিয়ে অভিযোগ করে বলেন, এখানে মাদকের বিরুদ্ধে অনুষ্ঠান যা প্রশাসনের করা উচিত। তারা করেনি আবার আসেওনি। কেনো আসেননি তারা তার জবাব চান বক্তারা এবং এ ব্যাপারে শামীম ওসমানের পদক্ষেপ চান তারা। তিনি আরও বলেন, আমি কারও দয়া দাক্ষিণ্যে চলি না। আমি রাজপথে তৈরি হওয়া মানুষ। প্রশাসনের সদস্যরা আসেনি কেনো এ প্রশ্ন পার্লামেন্টের অধিবেশনে তুলবো। তিনি আরও বলেন, আমি মাথা নত করার মানুষ না। অনেকে অনেক কিছু করেন আমরা দেখি। টাকা ধরা পড়ে যাত্রাবাড়ী, মামলা হয় ফতুল্লা। এগুলো বলতে চাই না।

### বীরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স

# টেকনেশিয়ান না থাকায় চলছে না এক্স-রে মেশিন, কক্ষ তালাবদ্ধ

■ সংবাদদাতা, বীরগঞ্জ

দিনাজপুরের বীরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জনবল সংকটের কারণে দীর্ঘ ৮ মাস ধরে একমাত্র এক্স-রে মেশিনের কক্ষটি তালাবদ্ধ রয়েছে। এক্স-রে মেশিনটি অব্যবহৃত থাকায় বিকল হতে বসেছে মূল্যবান যন্ত্রপাতি। দীর্ঘদিন ধরে এক্স-রে মেশিনের কক্ষটি বন্ধ থাকায় চরম ভোগান্তিতে পড়েছেন সেবা নিতে আসা রোগীরা। স্বাস্থ্য কমপ্লেক্স সূত্রে জানা গেছে, ২০২৩ সালের ২৬ মে এক্স-রে মেশিন পরিচালনার দায়িত্বে থাকা একমাত্র রেডিও গ্রাফার বিপুল কুমার মণ্ডল অবসরে যাওয়ার কারণে পদটি শূন্য হয়ে যায়। বর্তমানে রেডিও গ্রাফারের অভাবে বন্ধ রয়েছে এ সেবা। বিকল্প কোনো লোকবল না থাকায় বর্তমানে এক্স-রে কক্ষটি তালাবদ্ধ অবস্থায় রয়েছে। অপরদিকে যক্ষা রোগ নিয়ন্ত্রণে একটি নতুন ডিজিটাল এক্স-রে মেশিন বরাদ্দ দেওয়া হলেও কারিগরি ত্রুটির কারণে সেটিও ব্যবহার করা সম্ভব হচ্ছে না। মেরামত না করার কারণে নষ্ট অবস্থায় পড়ে আছে মেশিনটি। এদিকে বর্তমানে এ সেবা কার্যক্রম বন্ধ থাকায় বিড়ম্বনার শিকার হচ্ছেন সাধারণ রোগীরা। সরকারি স্বাস্থ্য কমপ্লেক্সে স্বল্পমূল্যে এক্স-রে সেবা পাওয়া যায়। এখানে এক্স-রে করতে ছোট ফ্লিমের জন্য ৭৫ টাকা এবং বড় ফ্লিমের জন্য ১২০ টাকা পরিশোধ করতে হয় রোগীদের। কিন্তু সেবা কার্যক্রম বন্ধ থাকায় বিভিন্ন ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারে হতে উচ্চমূল্যে এক্স-রে করতে হচ্ছে। এতে তাদের ব্যয় হচ্ছে ৬০০ থেকে ৮০০ টাকা।

সেবা নিতে আসা পৌর শহরের মো. মকফুর হোসেন জানান, স্বপ্ন আয়ে রোগের চিকিৎসা ব্যয় নিয়ে বেশ সংকটে আছি। কারণ দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিতে সংসার চালানো কঠিন হয়ে পড়েছে। এরপর নিজের চিকিৎসা ব্যয়। স্বাস্থ্য কমপ্লেক্সে এক্স-রে সেবা চালু থাকলে অনেক টাকা বেচে যেত। আর্থিক সংকটে থাকা আমাদের মতো রোগীদের জন্য এ অতিরিক্ত ব্যয় কষ্টসাধ্য ব্যাপার হয়ে দাঁড়িয়েছে।

সেবা বঞ্চিত ভ্যান চালক মইনুল হোসেন ৪৫ জানান, এখানে এক্স-রে করতে যে টাকা লাগে বাইরে তার দ্বিগুনের বেশি টাকা লাগে। স্বাস্থ্য কমপ্লেক্সে এ সেবা চালু থাকলে বেশ কিছু টাকা সাশ্রয় হতো। যেটি দিয়ে অন্ততপক্ষে কিছু ওষুধ কেনা যেত। এ সেবা বন্ধ থাকায় বিপদে পড়েছে আমাদের মতো স্বল্প আয়ের রোগীরা।

সেবা বঞ্চিত হওয়ার বিষয়টি স্বীকার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা. আফরোজা সুলতানা লুনা বলেন, রেডিও গ্রাফারের পদটি শূন্য থাকায় সাময়িক ভাবে এক্স- র সেবা প্রদান বন্ধ রয়েছে। তবে আমরা পদটি শূন্যতার কথা উল্লেখ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট লিখিত ভাবে চাহিদাপত্র প্রেরণ করেছি। আশা করছি দ্রুত সময়ে এ সমস্যার সমাধান হবে।

## চলাচলের পথ নেই, রায়গঞ্জে অবরুদ্ধ মুক্তিযোদ্ধা পরিবার

কালিকাপুর, কোচপাড়া, পাঞ্জারচালা, শিবেরপাড়া, বদেশ্রমজানী, তালতলা দেওপাড়া, কলিয়ান, গাগী, চান্দলতলা, রহমত খার বাইদ, ঘানাদহ, তৈতার বাইদ, মলাজানী, যুগিয়াটৈর, কুমারপাড়া, গানজানা, মাকড়াই, মাকড়াই ভবনী, মালেংগা, গণ্ডঘোষ, চৌরাশা, কোচপ্পিরা, কাপালিয়া, বারইপাড়া, ভোজনগ, হরিণাচালা, কালুনিয়াপাড়া, করিমের পাড়া, কাকুরিয়া, কালুকাছড়া, খামার কাছড়া, দেশুটিয়া, ভাগলের পাড়া, ভাবনদহ, ঘোড়ামারা, বানীভাসাসহ ওই অঞ্চলের ৪১ গ্রামের মানুষ। জানা গেছে, ঘাটাইল উপজেলার ধলাপাড়া-পূর্বাসিন্দা সড়কে দেওপাড়া ইউনিয়নের খাকুরিয়ার ব্রিজটি মেয়াদোত্তীর্ণ হয়ে একাংশ ভেঙে যায়। ব্রিজটি পুনর্নির্মাণের জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) দরপত্র আহ্বান করে। ঢাকার ঠিকাদারী প্রতিষ্ঠান এসই সাদিয়া অ্যান্ড সামিয়া জয়েন্টভেঞ্চারে ২১ সালে ২১ সেপ্টেম্বর চার কোটি ২১ লাখ ১০ হাজার ৫৪৪ টাকা চুক্তিমূল্যে [illegible] দুর্ভোগ। তৈরি হয়েছে মরণ ফাঁদ। ওই সড়কে চলাচলকারী সিএনজি চালিত অটোরিকশা চালক শরীফ, ওহিদুল ইসলাম, আমিনুর, ভ্যান চালক তাওহিদুল, রাজ্জাক, মিনি ট্রাক চালক রশিদ, জহির উদ্দিন, ব্যাটারি চালিত অটোরিকশা চালক আসাদুল, সুজন, নওশাদসহ অনেকেই জানান, ব্রিজটি ৩ বছর ধরে ফেলে রাখায় চরম দুর্ভোগে পোহাচ্ছেন তারা।

তারা আরও জানান, প্রতিনিয়ত ঘটছে দুর্ঘটনা, তৈরি হয়েছে মরণ ফাঁদ। কিছু দিন আগেও এক মোটরসাইকেল আরোহীর মৃত্যু হয়েছে এ সড়কে। তারা তাদের ভোগান্তি লাঘবে দ্রুত ব্রিজটি নির্মাণের দাবি জানান সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে। এ বিষয়ে সাব-ঠিকাদার সাইফুল ইসলামের সঙ্গে বার বার যোগাযোগের চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি। এ বিষয়ে টাঙ্গাইল এলজিইডির নির্বাহী প্রকৌশলী মো. রফিকুল ইসলাম বলেন, এ ব্রিজের নির্মাণ কাজ খুবদ্রুত শুরু হবে।

## নিত্যপণ্য সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে থাকবে

## ধুনটে আগুনে পুড়ে মরল কৃষকের গবাদিপশু

■ সংবাদদাতা, ধুনট

বগুড়ার ধুনটে অগ্নিকাণ্ডে মকবুল হোসেন নামের এক কৃষকের গোয়াল ঘর সহ ভস্মীভূত হয়েছে গবাদি পশু। গত শুক্রবার রাত ৩টার দিকে উপজেলার নিমগাছী ইউনিয়নের মাঝবাড়ী গ্রামে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এ ঘটনায় ক্ষতিগ্রস্ত মকবুল হোসেন ওই গ্রামের মৃত সেকান্দার আলীর ছেলে।

## প্রতিবেশীর ছুরিকাঘাতে যুবক খুন

■ সিলেট ব্যুরো

সিলেটের বিশ্বনাথে প্রতিবেশীর ছুরিকাঘাতে দিলোয়ার হোসেন (৩৫) নামে এক যুবক খুন হয়েছেন বলে অভিযোগ পাওয়া গেছে। গত শুক্রবার রাতে বিশ্বনাথের আমতৈল সাদীপাড়া গ্রামে এ ঘটনা ঘটে। দিলোয়ার হোসেন ওই গ্রামের বাসিন্দা ছিলেন। এ ঘটনায় বাবা-মেয়েকে আটক করেছে পুলিশ। জানা গেছে, গত শুক্রবার দিনের বেলা প্রতিবেশী শামসুন নাহার রুবাইদার (২৮) পালিত দুটি মুরগির বাচ্চা দিলোয়ার হোসেনের বাড়িতে গিয়ে 'ঘর নষ্ট' করায় তাঁদের মধ্যে বাগবিতণ্ডা হয়। পরে সন্ধ্যায় রুবাইদা মুরগির বাচ্চাগুলো খুঁজে না পেয়ে অভিযোগ করেন, দিলোয়ারের পরিবারের সদস্যরা সেগুলো চুরি করেছেন। এ নিয়ে দুই পরিবারের সদস্যদের মধ্যে কথা কাটাকাটি হয়। একপর্যায়ে রুবাইদা ও তার পরিবারের সদস্যরা দিলোয়ারের পরিবারের সদস্যদের উপর হামলা করেন এবং দিলোয়ারকে ছুরিকাঘাত করেন। পরে রাত ১১টার দিকে তাকে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

## খুলনায় দুই সন্তানকে হত্যার পর মায়ের আত্মহত্যা!

■ প্রতিনিধি, খুলনা

খুলনার ডুমুরিয়া উপজেলার একটি বাসা থেকে দুই সন্তানসহ এক মায়ের লাশ উদ্ধার করেছে পুলিশ। গতকাল শনিবার দুপুরে ডুমুরিয়ার ১৩ নং গুটুদিয়া ইউনিয়নের কমলপুর গ্রামের একটি বাড়ি থেকে তাদের লাশ উদ্ধার করা হয়। মৃতরা হলেন- কমলপুর গ্রামের মফ্লান সরদারের স্ত্রী ডলি বেগম (৩৮), তার দুই শিশু সন্তান ৬ বছর বয়সী ফাতেমা ও ৭ মাস বয়সী ওমর। পুলিশের ধারণা পারিবারিক কলহের কারণে শনিবার সকাল ৮টা থেকে বেলা ১১টার মধ্যে কোনো এক সময় ডলি বেগম তার দুই শিশু সন্তানকে বালিশচাপা দিয়ে হত্যার পর নিজে আত্মহত্যা করেছেন। বিকেল সাড়ে ৩টার দিকে ঘটনাস্থল থেকে ডুমুরিয়া থানার ওসি সুকান্ত সাহা বলেন, লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানোর প্রক্রিয়া চলছে। ঘটনার বিষয়ে বিস্তারিত এখনো জানা যায়নি।

## এক রশিতে ঝুলছিল বাবা-ছেলের লাশ

■ প্রতিনিধি, কুষ্টিয়া

কুষ্টিয়ার পৌর এলাকার একটি ভাড়া বাসা থেকে রেজাউল করিম মধু (৩৮) ও তার ছেলে মুক্ত হোসাইনের (৭) লাশ উদ্ধার করেছে পুলিশ। লাশ দুটি ঘরের ভেতরে একই রশিতে ঝুলন্ত অবস্থায় ছিল। গতকাল শনিবার বিকেল সাড়ে [illegible]

মাধ্যমে কাজ চলছে। যা গত ডিসেম্বরে শুরু হয়ে আগামী ২৮ ফেব্রুয়ারির মধ্যে শেষ হওয়ার কথা। তবে যথা সময়ের আগেই বাঁধের কাজ শেষ করতে চায় কর্তৃপক্ষ। লক্ষ্য বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কঠোর তদারকি করছেন। এতে তৎপর হয়ে উঠছেন পিআইসিগণ ও বৃদ্ধি পাচ্ছে কাজের অগ্রগতি। হাওরজুড়ে রীতিমতো চলছে প্রতিযোগিতামূলক কাজ।

## চন্দনাইশে টপ সয়েল কাটায় জরিমানা

■ সংবাদদাতা, চন্দনাইশ

চট্টগ্রামের চন্দনাইশে অবৈধভাবে ফসলি জমির টপ সয়েল (ভূমির উপরিস্তর) কাটার অপরাধে মো. তুহিন নামে এক ব্যক্তিকে দেড় লাখ টাকা অর্থদণ্ড করেছেন ভ্রাম্যমাণ আদালত। গতকাল শনিবার সকাল থেকে দুপুর পর্যন্ত চন্দনাইশ উপজেলার চন্দনাইশ পৌরসভাস্থ ৫নং ওয়ার্ড দক্ষিণ হারলায় একটি এবং কাঞ্চনাবাদ ইউনিয়নের পূর্ব এলাহাবাদে একটি মোট ২টি পৃথক মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। এ অভিযান পরিচালনা করেন সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ডিপ্লোমেসি চাকমা।



■ রাজশাহী : জেলার পুঠিয়ায় তিন ফসলি জমিতে পুকুর খনন চলছে • ভোরের পাতা

# পুঠিয়ায় ফসলি জমিতে পুকুর খননের মহোৎসব

■ হাবিব আহমেদ রাজশাহী

রাজশাহীর পুঠিয়ায় চলছে তিন ফসলি জমিতে পুকুর খননের মহোৎসব। পুঠিয়ার রাজনৈতিক নেতা, স্থানীয় প্রশাসন, স্থানীয় গণমাধ্যম কর্মীদের ম্যানেজ করে কৃষকদের তিন ফসলী জমিতে জোর করে পুকুর খননে মেতে উঠেছে প্রভাবশালী মহল। এতে [illegible]

কৃষকদের ভয় দেখানোর অভিযোগ রয়েছে। পুকুর খনন করতে জমি না দিলে বাড়ি ছাড়া বা গ্রাম ছাড়া করা হবে এমন ভয় দেখানো হচ্ছে কৃষকদের। এতে বাধ্য হয়েই অনেক কৃষক প্রাণের ভয়ে তাদের হাতে তুলে দিচ্ছেন তিন ফসলি জমি।

পুঠিয়ার মঙ্গলপাড়া গ্রামের কৃষক খোরশেদ আলম জানান, [illegible]


## নিয়োগ বিজ্ঞপ্তি

সরকারী বিধি ও জনবল কাঠামো এবং এমপিও নীতিমালা ২০২১ ও সর্বশেষ পরিমার্জন অনুযায়ী কালীগঞ্জ হুজুর আলী উচ্চ বিদ্যালয়, ডাকঘরঃ শালমারা, উপজেলাঃ নাগেশ্বরী, জেলাঃ কুড়িগ্রাম নিম্নোক্ত পদে শিক্ষক ও কর্মচারী নিয়োগ করা হইবে।

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | পদের ধরন | বেতন স্কেল ও বেতন কোড | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১ | প্রধান শিক্ষক | একজন | শূন্য (এমপিও) | কোড-৭, স্কেল-২৯০০০-৬৩৪১০ | সহকারী প্রধান শিক্ষক হিসাবে কমপক্ষে ০৩ বছরের অভিজ্ঞতা। |
| ০২ | সহকারী প্রধান শিক্ষক | একজন | শূন্য (এমপিও) | কোড-৮, স্কেল-২৩০০০-৫৫৪৬০/- | সহকারী শিক্ষক হিসাবে কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা |
| ০৩ | অফিস সহায়ক | একজন | নবসৃষ্ট (এমপিও) | কোড-২০, স্কেল-৮২৫০-২০০১০/- | জেএসসি/জেডিসি/সমমান |
| ০৪ | নিরাপত্তাকর্মী | একজন | নবসৃষ্ট (এমপিও) | কোড-২০, স্কেল-৮২৫০-২০০১০/- | জেএসসি/ জেডিসি/সমমান |
| ০৫ | আয়া | একজন | নবসৃষ্ট (এমপিও) | কোড-২০, স্কেল-৮২৫০-২০০১০/- | জেএসসি/জেডিসি/সমমান |

আগামী ১২/২/২০২৪ইং তারিখের মধ্যে প্রধান শিক্ষক পদের-২০০০/-, সহকারী প্রধান শিক্ষক পদের জন্য ১০০০/- ও অন্যান্য পদের জন্য ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য), ২কপি রঙিন ছবি ও প্রয়োজনীয় কাগজপত্র এবং মোবাইল নাম্বার সহ ১নং পদের জন্য সভাপতি ও ২নং হইতে ৫নং পদের জন্য প্রধান শিক্ষক বরাবর বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে সরাসরি অথবা ডাকযোগে আবেদন করার জন্য বলা হল। বিঃদ্রঃ (প্রতিষ্ঠানে চাকুরী কালে তার বিরুদ্ধে যৌন হয়রানী/নির্যাতন, আর্থিক শৃংখলা সংক্রান্ত কোন অভিযোগ নেই মর্মে প্রার্থীর নিজের হলফনামা আবেদন পত্রে সংযুক্ত করতে হবে)।

সভাপতি/প্রধান শিক্ষক
কালীগঞ্জ হুজুর আলী উচ্চ বিদ্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

পি-৪২/২৪

মুজিব শতবর্ষ

দৈনিক
# কুড়িগ্রাম খবর
The Daily Kurigram Khabor

২৯ দৈনিক কুড়িগ্রাম খবর

রেজি: রাজ:১৪২ বর্ষ ২৯ সংখ্যা ১৩৮ কুড়িগ্রাম রবিবার ১৪ মাঘ ১৪৩০ বাংলা: ১৫ রজব ১৪৪৫ হিজরী Sunday 28 January 2024:পৃষ্ঠা ৪ মূল্য ৫টাকা

## ১ ফেব্রুয়ারি অমর একুশে বইমেলার উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী



এফএনএস: প্রতি বছরের মতো এবারও ফেব্রুয়ারির প্রথম দিনে মাসব্যাপী দেশের বৃহত্তম বইমেলা ঐতিহাসিক 'অমর একুশে গ্রন্থমেলা ২০২৪', শুরু হতে যাচ্ছে। অমর একুশে গ্রন্থমেলা কমিটির সদস্য সচিব ড. কে এম মুজাহিদুল ইসলাম বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১ ফেব্রুয়ারি বিকেল ৩টায় বাংলা একাডেমি প্রাঙ্গণে এবং সোহরাওয়ার্দী উদ্যানে অনুষ্ঠেয় মেলার উদ্বোধন করবেন বলে আশা করা হচ্ছে। এবার মেলায় ৫৭৩টি প্রতিষ্ঠানকে মোট ৮৯৫টি স্টল বরাদ্দ দেওয়া হয়েছে। এর মধ্যে ৭৮৬টি সাধারণ স্টল এবং ১০৯টি স্টল লিটল ম্যাগাজিন চত্বরকে দেওয়া হবে বলে জানান মুজাহিদুল। তাছাড়া এ বছর মোট ৩৭টি প্যাভিলিয়ন বরাদ্দ করা হয়েছে। গত বছর ৬০১টি প্রতিষ্ঠানের অনুকূলে ৯০১টি স্টল বরাদ্দ দেওয়া হয়েছিল। এ বছর মেলার পুরো কাজ বাংলা একাডেমি একাই করছে উল্লেখ করে মুজাহিদুল বলেন, আগের বছরগুলোতে মেলা আয়োজনে কিছু ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি জড়িত ছিল যা গত বছর কিছুটা সমালোচনার মুখে পড়েছিল। মেলা শেষ হওয়ার পরপরই শুরু হয় পরবর্তী মেলার প্রস্তুতি এবং প্রস্তুতি পর্বের জন্য, উদ্বোধনী অনুষ্ঠানের জন্য এবং মাসব্যাপী মেলা পরিচালনার জন্য তিন ধাপে পৃথক কমিটি গঠন করা হয়েছে। সাংস্কৃতিক অনুষ্ঠান ও মাসব্যাপী সেমিনারের পাশাপাশি শিশু-কিশোরদের জন্য ছবি আঁকা, সংগীত ও আবৃত্তি প্রতিযোগিতার ব্যবস্থা থাকবে। আয়োজকরা জানান, ২৩ জানুয়ারি ডিজিটালাইজড লটারি পদ্ধতির মাধ্যমে পুরানো এবং নতুন তালিকাভুক্ত প্রকাশনার জন্য স্টল বরাদ্দ করা হয়েছে। ইতোমধ্যে তালিকাভুক্ত ৬০১টি সংস্থা ছাড়াও,

শেষের পাতায় দেখুন

### মানহানির মামলায় ডোনাল্ড ট্রাম্পকে ৮ কোটি ৩৩ লাখ ডলার জরিমানা

এফএনএস বিদেশ : যৌন নিপীড়নের অভিযোগে করা মানহানির একটি মামলায় সাবেক মার্কিন প্রেসিডেন্ট ও এবারের সম্ভাব্য প্রেসিডেন্ট প্রার্থী ডোনাল্ড ট্রাম্পকে আট কোটি ৩৩ লাখ ডলার জরিমানা দিতে নির্দেশ দিয়েছে নিউইয়র্কের একটি আদালত। আদালতের রায়ে মামলার বাদী লেখিকা ই জিন ক্যারলকে যেন এই অর্থ পরিশোধ করা হয় সে বিষয়ে নির্দেশনাও দেওয়া হয়েছে ট্রাম্পের প্রতি। খবর, এএফপির। মামলায় আদালতের এই আদেশে জরিমানার যে পরিমাণ অর্থ ক্ষতিপূরণ হিসেবে প্রদানে নির্দেশ দেওয়া হয়েছে, তা ক্যারলের দাবি করা এক কোটি ডলারের চাইতে অনেক বেশি। তবে ডোনাল্ড ট্রাম্প তাৎক্ষণিক এক প্রতিক্রিয়ায় এই রায়কে 'উপহাস' হিসেবে বর্ণনা করে এর বিরুদ্ধে আপিলের ঘোষণা দিয়েছেন। তিন ঘণ্টারও কম সময় আলোচনা করে জুরি রায় প্রদান করেন। তবে আদালতের ক্লার্ক যখন ক্ষতিপূরণ ও শাস্তিমূলক রায় পড়ে শোনান, তখন ট্রাম্প আদালতে ছিলেন না। এর আগে অবশ্য তিনি

## আরও ৫ জেলায় নতুন করে শৈত্যপ্রবাহ

এফএনএস: একদিনের ব্যবধানে আরও পাঁচ জেলায় নতুন করে শৈত্যপ্রবাহ শুরু হয়েছে। ফলে বর্তমানে ছয় জেলা ও দুই বিভাগের ওপর দিয়েছে শৈত্যপ্রবাহ বয়ে যাচ্ছে, যা অব্যাহত থাকতে পারে। গতকাল শনিবার এমন পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অফিস। আবহাওয়াবিদ মো. ওমর ফারুক জানিয়েছেন, উপ-মহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে, যার বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত। রোববার সকাল পর্যন্ত অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারা দেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। মধ্যরাত থেকে সকাল পর্যন্ত দেশের নদী অববাহিকার কোথাও কোথাও মাঝারি থেকে ঘন কুয়াশা পড়তে পারে এবং দেশের অন্যত্র কোথাও কোথাও হালকা থেকে মাঝারি কুয়াশা পড়তে পারে। ঘন কুয়াশার কারণে অভ্যন্তরীণ নৌ-পরিবহন চলাচল ব্যাহত হতে পারে। এছাড়া কিশোরগঞ্জ, গোপালগঞ্জ, মৌলভীবাজার, যশোর, কুষ্টিয়া ও চুয়াডাঙ্গা জেলাসহ রংপুর ও রাজশাহী বিভাগের ওপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের শৈত্যপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে। সারা দেশে রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। সোমবার অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারা দেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। মধ্যরাত থেকে সকাল পর্যন্ত দেশের নদী অববাহিকার কোথাও কোথাও মাঝারি থেকে ঘন কুয়াশা পড়তে পারে এবং দেশের অন্যত্র কোথাও কোথাও হালকা থেকে মাঝারি কুয়াশা পড়তে পারে। ঘন কুয়াশার কারণে অভ্যন্তরীণ নৌ-পরিবহন চলাচল ব্যাহত হতে পারে। তাপমাত্রা সারা দেশে রাত এবং দিনের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। মঙ্গলবার অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারা দেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। মধ্যরাত থেকে সকাল পর্যন্ত দেশের নদী অববাহিকার কোথাও কোথাও মাঝারি থেকে ঘন কুয়াশা

## তুলনামূলক দুর্বল বিরোধীদলের কারণে সংসদে জবাবদিহি আটকাবে না

এফএনএস: দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের নিরঙ্কুশ বিজয় এবং তুলনামূলক দুর্বল বিরোধীদলের কারণে সংসদে

নিজ দলের সদস্যরাও সরকারকে জবাবদিহির আওতায় আনতে পারবে বলে মনে করেন তারা। অধিকাংশ

সম্পাদকদের শীর্ষ সংগঠন এডিটরস গিল্ড আয়োজিত 'দ্বাদশ সংসদের নতুনত্ব ও চ্যালেঞ্জ' শীর্ষক

## আরও ২৮ জনের করোনা শনাক্ত

এফএনএস: গত ২৪ ঘণ্টায় দেশে করোনা আক্রান্ত হয়ে কারও মৃত্যু হয়নি। এ পর্যন্ত দেশে করোনা

## বিদেশের সঙ্গে সরকারের ঘনিষ্ঠতা বৃদ্ধি সাফল্যের ইঙ্গিত

বিভিন্ন দেশের সঙ্গে সফলভাবে ঘনিষ্ঠতা বাড়াচ্ছে নবনির্বাচিত আওয়ামী লীগ সরকার। পররাষ্ট্রনীতি অনুযায়ী সবার সঙ্গে

ঢাকা সফরকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার সাক্ষাতও হয়েছে। মেগাডেভেলপমেন্ট পার্টনার এবং স্ট্র্যাটেজিক পার্টনার

ফেব্রুয়ারি দিল্লিতে প্রথম দ্বিপক্ষীয় সফরে যাচ্ছেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। আগামী ফেব্রুয়ারিতে মিউনিখ

প্রকাশনা ও মুদ্রণের জন্য একমাত্র প্রতিষ্ঠান
পোস্টার, লিফলেট, বই, ম্যাগাজিন, চিঠিপত্র ও সকল প্রকার কাজ সঠিক সময়ে ডেলিভারী করা হয়।
দিগন্ত কম্পিউটার
উন্নতার প্রতীক
সপ্তাহে প্রতিদিন খোলা থাকে

দৈনিক
# কুড়িগ্রাম খবর
The Daily Kurigram Khabor

প্রকাশনা ও মুদ্রণের জন্য একমাত্র প্রতিষ্ঠান
পোস্টার, লিফলেট; বই, ম্যাগাজিন, চিঠিপত্র ও সকল প্রকার কাজ সঠিক সময়ে ডেলিভারী করা হয়।
কুড়িগ্রাম খবর প্রিন্টিং প্রে
ইউ.এ প্লাজা, শাপলা চত্বর, কুড়িগ্রাম।

তৃণমূলের নেতাকর্মীদের আন্দোলনে নামিয়ে বিপদের মুখে ঠেলে দিয়েছেন নেতারা। মামলা-মোকদ্দমায় জর্জরিত তৃণমূলের নেতাকর্মীরা এখন কোমর সোজা করে দাঁড়াতে পারছেন না। আর কেন্দ্রীয় নেতাদের কথাও এখন কেউ বিশ্বাস করছেন না।

প্রায় একই কথা বলেছেন, সিলেট জেলা বিএনপির একজন নেতা। তিনিও নাম প্রকাশ না করার শর্তে বলেন, নির্বাচনে না গিয়ে বিএনপি যে ভুল করেছে তার মাশুল গুণতে হচ্ছে এখন তৃণমূলের নেতাকর্মীদের। দলের কেন্দ্রীয় নেতাদের কথায় এখন আর আস্থা পাচ্ছেন না তৃণমূলের নেতাকর্মীরা। তিনি বলেন, গত নির্বাচনে দলের সিদ্ধান্তের বাইরে গিয়ে যারা নির্বাচন করেছিলেন এবং তাদের সঙ্গে তৃণমূলের যেসব নেতাকর্মী কাজ করেছিলেন তাদেরকে দল থেকে বহিস্কার করে মূলত দলের নেতাকর্মীদের কোমর ভেঙে দিয়েছেন কেন্দ্রীয় নেতারা। যার ফলে দলীয় নেতাকর্মীরা যেভাবে হতাশায় ভেঙে পড়েছে। এখন উপজেলা নির্বাচনে যাওয়ার মত অবস্থায় নেই।

বিএনপির কেন্দ্রীয় একাধিক নেতার সঙ্গে কথা বলে জানা গেছে, তারা দলকে গোছানোর চেষ্টা করছেন। তবে নির্বাচনকে কেন্দ্র করে দলের নেতাকর্মীদের যেভাবে বহিস্কার করা হয়েছে তাতে অনেকেরই মনোবল ভেঙে গেছে। উপজেলা নির্বাচনে অংশ নিতে হলে দলকে আগে ঘুরে দাঁড়াতে হবে। আর দল যদি নির্বাচনে অংশ না যাওয়ার সিদ্ধান্ত নেয় তাহলে তৃণমূলের অনেকেই হয়তো স্বতন্ত্র নির্বাচন করতে চাইবেন। তখন দলের শীর্ষ নেতৃত্ব আবারও বহিষ্কার রাজনীতিতে সক্রিয় হয়ে উঠবে। এতে করে দলের অবস্থা আরও করুণ হবে।

অবশ্য বিএনপি সিনিয়র যুগ্ম-মহাসচিব রুহুল কবির রিজভী ইতিমধ্যে বলেছেন, দলীয়ভাবে বিএনপি উপজেলা নির্বাচনে অংশ নিবে না। তবে তৃণমূলের নেতাকর্মীদের কেউ যদি নির্বাচনে অংশ নেয় তাহলে নিতে পারে। কিন্তু দল তাদেরকে কোনো সহযোগিতা করবে না।

রিজভীর এমন বক্তব্য থেকেই বোঝা যাচ্ছে বিএনপি এখন আর আগের অবস্থায় নেই। তৃণমূলের নেতাকর্মীরা বলছেন, দলের নেতৃত্ব সংকটই দলকে খাদের কিনারে নিয়ে গেছে। এখান থেকে উঠতে হলে দলকে গোছানোর পাশাপাশি স্থানীয় সরকার নির্বাচনে অংশ নিয়ে মানুষের কাছে যেতে হবে।

বিষয়টি তোলা হবে। এরপর ডিপিপি পাস হলেই প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলবো। সবাই সাহায্য করলে দ্রুত ১৫০ শয্যার বার্ন ইউনিটের কাজ শুরু হবে। পূর্ণাঙ্গ বার্ন ইউনিট হলে চট্টগ্রামে আগুনে পোড়া রোগীরা উন্নত চিকিৎসা পাবে। এ বার্ন ইউনিটে অত্যাধুনিক আইসিইউ, এইচডিইউ ও ওটি সুবিধা থাকবে। চমেক হাসপাতালে বিভিন্ন রোগ নির্ণয়ের যন্ত্রপাতি অচল থাকার বিষয়ে সাংবাদিকের প্রশ্নের জবাবে তিনি বলেন, এ বিষয়ে হাসপাতাল পরিচালকের সঙ্গে কথা বলবো। সচিব-ডিজি আছেন, তারাও কথা বলবেন। কোথায় কি সমস্যা আছে-সেটা অবশ্যই দেখবো।

## কুড়িগ্রামে আমেরিকা

স্থানীয় জনপ্রতিনিধগণ উপস্থিত ছিলেন।

মার্কিন সংগঠন বাফলা জানায়, শীতার্ত মানুষসহ বাংলাদেশের বিভিন্ন দুর্যোগে মানবিক সহায়তা নিয়ে তারা পাশে রয়েছে। আর এ কাজের জন্য বিভিন্ন তথ্য প্রদানের জন্য গণমাধ্যমকে ধন্যবাদ জানান।

## তুলনামূলক দুর্বল

সভাপতি এবং একাত্তর টেলিভিশনের প্রধান সম্পাদক মোজাম্মেল বাবু বৈঠক সঞ্চালনা করেন। বৈঠকে দৈনিক আমাদের নতুন সময়ের ইমেরিটাস সম্পাদক নাঈমুল ইসলাম খান বলেন, বাংলাদেশের সংসদের ইতিহাসে, আওয়ামী লীগ যেভাবে তার মন্ত্রীদের জবাবদিহির আওতায় এনেছে, সেদিক বিবেচনায় নিলে সংসদকে জবাবদিহিমূলক করতে আওয়ামী লীগের ভূমিকাই যথেষ্ট হবে। এ ক্ষেত্রে সংবিধানের ৭০ অনুচ্ছেদ কোনো বাধা হবে না বলেও মনে করেন তিনি। নাঈমুল ইসলাম খান বলেন, স্বতন্ত্র সংসদ সদস্যরা কী করেন সেটাও আমরা দেখতে পাবো। শুধু সমালোচনা করার জন্য একটি বিরোধী দল থাকতে হবে, এটা বৈধ কিছু না। টিবিএন টুয়েন্টিফোরের প্রধান সম্পাদক নাজমুল আশরাফ বলেন, এবারের নির্বাচনে বিপুল সংখ্যক স্বতন্ত্র প্রার্থী অংশগ্রহণ করেছে। এটা একটা নতুনত্ব। এবারের সংসদে বিরোধী দল খুবই ছোট। কিন্তু বাংলাদেশের ইতিহাসে এর চেয়েও ছোট বিরোধী দল ছিল। বিরোধী

নিয়ামতপুর উচ্চবিদ্যালয় প্রাঙ্গণে এক সংবর্ধনা অনুষ্ঠানে একথা বলেন তিনি। চতুর্থ বারের মতো সংসদ সদস্য ও দ্বিতীয় মেয়াদে খাদ্যমন্ত্রীর দায়িত্ব পাওয়ায় নিয়ামতপুর উপজেলা আওয়ামী লীগ এ সংবর্ধনার আয়োজন করে। খাদ্যমন্ত্রী বলেন, বিগত সময়ে নির্বাচিত হয়ে মানুষের পাশে থেকে কাজ করেছি। মানুষকে ভালবেসেছি, মানুষের ভালবাসাও পেয়েছি। সামনের দিনগুলোতেও মানুষের সেবায় নিজেকে নিবেদিত রাখার অঙ্গীকার করেন তিনি। দেশি-বিদেশি ষড়যন্ত্র নির্বাচনের আগে

লীগের সভাপতি মো. আবুল কালাম আজাদের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মো. জাহিদ হাসান বিপ্লবের সঞ্চালনায় অনুষ্ঠানে উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. ফরিদ আহম্মেদ ও জেলা আওয়ামী লীগের কৃষি বিষয়ক সম্পাদক মো. আবেদ হোসেন মিলন, উপজেলা আওয়ামী লীগের সিনিয়র সহ সভাপতি ঈশ্বর চন্দ্র বর্মন এবং নিয়ামতপুর সদর ইউনিয়নের চেয়ারম্যান মো. বজলুর রশীদ নঈম বক্তৃতা করেন। এর আগে খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার সকালে নওগাঁর

কৃষি যন্ত্রপাতি বিতরণ করেন।

আজ চাল, কাল পেয়াজ নিয়েও তা

## ১ ফেব্রুয়ারি অমর

প্রায় ৭০টি নতুন প্রকাশনা নোটিশে সাড়া দিয়ে স্টল বরাদ্দ পেতে আবেদন করেছিল। এর মধ্যে ২৩টি নতুন প্রকাশনা মেলায় অংশ নেয়ার জন্য নির্বাচিত হয়েছে। মুজাহিদুল বলেন, বিগত বছরের মতো এবারও মেলার মূল মঞ্চ হবে বাংলা একাডেমি প্রাঙ্গণে এবং সোহরাওয়ার্দী উদ্যান প্রাঙ্গণে তৈরি করা হবে বইয়ের মোড়ক উন্মোচন ও লেখক বলছি মঞ্চ। রমনা কালী মন্দিরের পাশে সাধুসঙ্গ এলাকায় 'শিশু চত্বর' স্থাপন করা হবে। বাংলা সাহিত্যের বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য এ বছর ১১টি বিভাগে ১৬ জনকে কবিতা, কথাসাহিত্য, প্রবন্ধ/গবেষণা, অনুবাদ, নাটক, শিশুসাহিত্য বিভাগ, মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু পরিবেশ/বিজ্ঞান ক্ষেত্র, জীবনী ও লোককাহিনী ইত্যাদি বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার-২০২৩ দেওয়া হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১ ফেব্রুয়ারি থেকে শুরু হতে যাওয়া অমর একুশে গ্রন্থমেলা-২০২৪-এর উদ্বোধনী অনুষ্ঠানে পুরস্কার তুলে দেবেন। পুরস্কারপ্রাপ্তরা হলেন- শামীম আজাদ (কবিতা), ঔপন্যাসিক নুরুদ্দিন জাহাঙ্গীর ও সালমা বাণী (যৌথভাবে কথাসাহিত্য), জুলফিকার মতিন (প্রবন্ধ/গবেষণা), সালেহা চৌধুরী (অনুবাদ), নাট্যকার মৃত্তিকা চাকমা ও মাসুদ পথিক (যৌথভাবে নাটক), তপঙ্কর চক্রবর্তী (শিশু সাহিত্য), আফরোজা পারভিন এবং আসাদুজ্জামান আসাদ (মুক্তিযুদ্ধের ওপর গবেষণা), সাইফুল্লাহ মাহমুদ দুলাল ও মো. মজিবুর রহমান (বঙ্গবন্ধুর ওপর গবেষণা), পক্ষীবিদ ইনাম আল হক (পরিবেশ/বিজ্ঞান

জানিয়েছেন, বইমেলাকে কেন্দ্র করে প্রধান চ্যালেঞ্জের মধ্যে রয়েছে- জঙ্গিবাদ, অগ্নিসংযোগ ও ট্রাফিক ব্যবস্থাপনা। ডিএমপির মতে মেট্রোরেলে দুর্বৃত্তরা নাশকতা চালানোর চেষ্টা করছে এমনটি লক্ষ্য করায় মেট্রোরেল পরিষেবা একটি নতুন চ্যালেঞ্জ হিসাবে উপস্থিত হয়েছে। তবে বইমেলা মাঠের ভিতরে ও বাইরে ডিএমপি ইউনিফর্ম এবং সাদা পোশাকে পর্যাপ্ত সংখ্যক পুলিশ সদস্য মোতায়েন করা হবে এবং মেলার আশেপাশের সবকিছু পর্যবেক্ষণের জন্য একটি ওয়াচ টাওয়ার এবং ফায়ার টেন্ডার স্থাপন করা হবে। এছাড়া মেলার মাঠ ও এর আশপাশ সিসিটিভি ক্যামেরা ও ড্রোন দিয়ে সার্বক্ষণিক মনিটরিং করা হবে বলে জানান ডিএমপি কমিশনার। ডিএমপির টিম পুরো ঘটনাস্থল ঝাড়ু দেবে এবং গুজব ঠেকাতে সোশ্যাল মিডিয়া মনিটরিং করা হবে।

## নিয়োগ বিজ্ঞপ্তি

সরকারী বিধি ও জনবল কাঠামো এবং এমপিও নীতিমার্লা ২০২১ ও সর্বশেষ পরিমার্জন অনুযায়ী কালীগঞ্জ হুজুর আলী উচ্চ বিদ্যালয়,ডাকঘরঃ দামারা,উপজেলাঃ নাগেশ্বরী,জেলাঃ কুড়িগ্রাম নিম্নোক্ত পদে শিক্ষক ও কর্মচারী নিয়োগ করা হইবে।

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | পদের ধরন | বেতন স্কেল ও বেতন কোড | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১ | প্রধান শিক্ষক | একজন | শূন্য (এমপিও) | কোড-৭,স্কেল-২৯০০০-৬৩৪১০ | সহকারী প্রধান শিক্ষক হিসাবে কমপক্ষে ০৩ বছরের অভিজ্ঞতা। |
| ০২ | সহকারী প্রধান শিক্ষক | একজন | শূন্য এমপিও) | কোড-৮,স্কেল-২৩০০০-৫৫৪৬০ | সহকারী শিক্ষক হিসাবে কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা |
| ০৩ | অফিস সহায়ক | একজন | নবসৃষ্ট(এমপিও) | কোড-২০,স্কেল-৮২৫০-২০০১০/- | জেএসসি/জেডিসি/সমমান |
| ০৪ | নিরাপত্তাকর্মী | একজন | নবসৃষ্ট(এমপিও) | কোড-২০,স্কেল-৮২৫০-২০০১০/- | জেএসসি/জেডিসি/সমমান |
| ০৫ | আয়া | একজন | নবসৃষ্ট(এমপিও) | কোড-২০,স্কেল-৮২৫০-২০০১০ | জেএসসি/জেডিসি/সমমান |

আগামী ১২/২/২০২৪ইং তারিখের মধ্যে প্রধান শিক্ষক পদের-২০০০/-, সহকারী প্রধান শিক্ষক পদের জন্য ১০০০/- ও অন্যান্য পদের জন্য ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার(অফেরতযোগ্য),২কপি রঙ্গিন ছবি ও প্রয়োজনীয় কাগজপত্র এবং মোবাইল নাম্বার সহ ১নং পদের জন্য সভাপতি ও ২নং হইতে ৫নং পদের জন্য প্রধান শিক্ষক বরাবর বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে সরাসরি অথবা ডাকযোগে আবেদন করার জন্য বলা হল। বিঃদ্রঃ (প্রতিষ্ঠানে চাকুরী কালে তার বিরুদ্ধে যৌন হয়রানী/নির্যাতন,আর্থিক শৃংখলা সংক্রান্ত কোন অভিযোগ নেই মর্মে প্রার্থীর নিজের হলফনামা আবেদন পত্রে সংযুক্ত করতে হবে)।

সভাপতি/প্রধান শিক্ষক
কালীগঞ্জ হুজুর আলী
উচ্চ বিদ্যালয়
নাগেশ্বরী,কুড়িগ্রাম।

পি-০১৩/২০২৪

GOVT. Of THE PEOPLES' REPUBLIC OF BANGLADESH
OFFICE OF THE EXECUTIVE ENGINEER
EDUCATION ENGINEERING DEPERTMENT (EED)
KURIGRAM.

**Invitation for e-GP-Tender**

**Tender Notice No: eGP-18/323/Govt. High School/Kur/2023-24**

**Memo No: 37.07.4900.100.17.001.24-2147** **Date: 25.01.2024**

This is an online Tender, where only e-Tender will be accepted in the National e-GP portal and no offline/hard copies will be accepted. The Tender who have registered in the National e-GP portal (http://www.eprocure.gov.bd) is eligible to participate in this Tender. The fees of downloading the e-Tender documents of following Packages from the National e-GP System portal have to be deposited online through any registered Bank`s branches up to the following date and time.

| SL | Package | Name of Works & Location | Tender | Last Date & Time of Selling | Last Date & Time of Submission |
|---|---|---|---|---|---|